



নুরুল হক নুরের চিকিৎসার খোঁজ নিলেন রাষ্ট্রপতি, প্রয়োজনে বিদেশে পাঠানোর আশ্বাস



সংগৃহীত ছবি

গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরের শারীরিক অবস্থার খোঁজ নিয়েছেন রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন। তিনি নুরকে বিদেশে উন্নত চিকিৎসার জন্য সরকারি সহায়তার আশ্বাস দেন এবং হামলাকারীদের কঠোর শাস্তির অঙ্গীকার করেন।

গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরের শারীরিক অবস্থার বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন। রোববার (৩১ আগস্ট) সকালে তিনি ফোনে নুরের স্বাস্থ্যের খোঁজ নেন।

নুরুল হক নুরের অফিসিয়াল ফেসবুক পেজে প্রকাশিত এক পোস্টে জানানো হয়, রাষ্ট্রপতি নুরকে বিদেশে উন্নত চিকিৎসার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। এ সময় তিনি নুরের দ্রুত সুস্থতা কামনা করেন। পাশাপাশি সাম্প্রতিক হামলার ঘটনায় গভীর দুঃখ প্রকাশ করে হামলাকারীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির আশ্বাসও দেন রাষ্ট্রপতি।

প্রসঙ্গত, গত শুক্রবার রাত ৯টার দিকে রাজধানীর কাকরাইলে জাতীয় পার্টি ও গণঅধিকার পরিষদের নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষ, ধাওয়া-পাল্টা ধাওয়া ও ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটে। পরে বিজয়নগরে গণঅধিকার পরিষদের কার্যালয়ের সামনে আইনশৃঙ্খলা বাহিনী লাঠিচার্জ করলে নুরুল হক নুরসহ অন্তত ৫০ জন আহত হন। বর্তমানে তিনি ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আছেন এবং তার চিকিৎসার জন্য বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি মেডিকেল বোর্ড গঠন করা হয়েছে।